# ইতিহাস

<u>আজকের বিষয়</u>

বৈদিক সভ্যতা

(প্রথম ভাগ)

১) সিন্ধু সভ্যতা অবসানের পর এই উপমহাদেশে কোন সভ্যতার উদ্ভব হয়?

✓ **বৈদিক সভ্যতা**

২) সিন্ধু সভ্যতার পরবর্তী সভ্যতার নাম বৈদিক সভ্যতার হওয়ার কারন কি?

✓ **বৈদিক সভ্যতা বেদ কে ভিত্তি করে গড়ে উঠেছিল সে জন্য এই সভ্যতার নামকরন হয় বৈদিক সভ্যতা।**

৩) ' আর্য ' কি জাতিগত নাকি ভাষাগত ধারণা?

✓ **ভাষাগত ধরনা**

৪) কোন ভাষাগত লোকদের আর্য বলা হয়?

**✓ ইন্দো – ইউরোপীয় ভাষা ( সংস্কৃত, ল্যাটিন, গ্রিক, জার্মান, গথিক, কেলটিক ও পারসিক প্রভৃতি ভাষা ইন্দো – ইউরোপীয় ভাষার অন্তর্গত)**

৫) কোন অঞ্চল দিয়ে আর্যরা ভারতে প্রবেশ করেছিল ধরনা করা হয়?

**✓ ভারতের উত্তরে হিন্দুকুশ পর্বত ও উত্তর পশ্চিম গিরিপথ দিয়ে।**

৬) কোথায় থেকে আর্যরা ভারতে আগমন করেছিল বলে ধরনা করা হয়?

**✓ মধ্য এশিয়া থেকে**

৭) আর্যরা ভারতে প্রথমপর্বে কোথায় বাসস্থান গড়ে তুলে?

✓ **সপ্ত সিন্ধু অঞ্চলে ( সপ্তসিন্ধু বলতে তৎকালীন পাঞ্জাব ও তার পার্শ্ববর্তী অঞ্চলকে বোঝানো হতো। পাঞ্জাবের পাঁচটি নদী – শতদ্রু, বিপাশা, ইরাবতী, ও বিতস্তা এবং সিন্ধু ও সরস্বতীর নাম অনুসারে এই অঞ্চলটির নামকরন হয় সপ্তসিন্ধু।)**

৮) আর্যদের প্রাচীনতম সাহিত্য কি?

✓ **ঋকবেদ**

৯) বৈদিক যুগকে কয় ভাগে ভাগ করা যায় ও কি কি?

✓ **দুইভাগে –**

**ক) প্রথম বৈদিক যুগ ( ১৫০০ – ১০০০) খ্রীষ্টপূর্ব**

**খ) পরবর্তী বৈদিক যুগ (১০০০ – ৬০০) খ্রীষ্টপূর্ব**

১০) ভারতের দাক্ষিনাত্যে আর্য সংস্কৃতি বিস্তারে কার ভূমিকা সবচেয়ে বেশি?

✓ **ঋষি অগস্ত্য**

১১) কি কি নিয়ে বিশাল বৈদিক সভ্যতা গড়ে উঠেছিল?

✓ **চারটি বেদ ( ঋক,  সাম, যজু ও অথর্ব) সংহিতা, ব্রাহ্মণ, আরন্যক ও উপনিষদ**

১২) কি বেদান্ত নামে পরিচিত?

✓ **উপনিষদ**

১৩) প্রথম বৈদিক যুগ (১৫০০ – ১০০০) খ্রীষ্টপূর্ব অপর কি নামে পরিচিত?

**✓ ঋক – বৈদিক যুগ ( ঋকবেদ থেকে প্রথম বৈদিক সভ্যতা সমন্ধে জানা যায় বলে একে ঋক বৈদিক যুগ বলা হয়)।**

১৪) প্রথম বৈদিক যুগ ও ঋক – বৈদিক যুগে সমাজের সর্বনিম্ন স্তর কি ছিল?

**✓ পরিবার**

১৫) ঋকবেদে উল্লেখিত আর্য সমাজের শাসনতান্ত্রিক বিভাগ গুলি উল্লেখ কর?

**✓ গ্রাম, বিশ  জন এবং রাষ্ট্র**

১৬) আর্য সমাজে গ্রামের প্রধানকে কি বলা হতো?

**✓ গ্রামনী**

১৭) বিশ এর প্রধানকে কি বলা হত?

✓ **বিশপতি**

১৮) জন এর প্রধানকে কি বলা হত?

✓ **গোপ**

১৯) আর্য সমাজে রাষ্ট্রের প্রধান ছিল?

✓ **রাজন**

২০) বৈদিক যুগে প্রচলিত শাসনব্যবস্থা কি ছিল?

✓ **রাজতন্ত্র**

২১) বৈদিক যুগে ( প্রথম যুগ) রাজারা কোন কোন উপাধি ধারন করতেন?

**✓ ‘ সম্রাট ‘, ‘ একরাট ‘ ও' বিরাট '**

২২) বৈদিক ( প্রথম) যুগে রাজতন্ত্র ছাড়াও অরাজতন্ত্রি রাজ্য ও এই রাজ্যগুলি কে পরিচালনা করতো?

**✓ অভিজাততন্ত্র ( এরা জনসাধারণ কতৃর্ক নির্বাচিত হতেন)**

২৩) প্রথম বৈদিক যুগে গণ বা প্রজাতান্ত্রিক রাষ্ট্রের অস্তিত্ব লক্ষ করা যায় সে সব রাষ্ট্র পরিচালনা করতেন?

**✓ গণপতি বা জৈষ্ঠ**

২৪) ঋক বৈদিক যুগে যাগযজ্ঞ ও ধর্মীয় কাজে প্রধান কে ছিল?

✓ **পুরোহিত ( রাজার দায়িত্ব ছিল সামরিক ও প্রশাসনিক ক্ষেত্রে)**

২৫) ঋক বৈদিক যুগে রাজার কোন দুটি পরিষদের মত নিয়ে চলতে হত?

✓ **সভা ও সমিতি**

২৬) সভা ও সমিতির মধ্যে কোন পরিষদ ছিল সবচেয়ে বেশি প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠান?

✓ **সমিতি**

২৭) কাদের কে নিয়ে সমিতি গঠিত হত?

✓ **গোষ্ঠীর সকল স্বাধীন মানুষ ও এমনকি নারীরাও যোগদান করতে পারতো।**

২৮) কাদের কে নিয়ে সভা গঠিত হত?

✓ **জ্ঞানী ও বয়োজ্যেষ্ঠ দের**

২৯) ঋক বৈদিক যুগে রাজাকে নানা ক্ষেত্রে কূটনৈতিক বিষয়ে পরামর্শদান সহ যুদ্ধক্ষেত্রে রাজার সঙ্গী হতেন এবং যুদ্ধ জয়ের প্রার্থনা করতেন?

✓ **পুরোহিত**

৩০) ঋক বৈদিক যুগে দুইজন বিশিষ্ট ও প্রভাবশালী পুরোহিতের নাম কর?

✓ **বশিষ্ঠ ও বিশ্বামিত্র**

# সমাপ্ত

## ধন্যবাদ